

ক্যান্সার কাউন্সিলের তহবিল সংগ্রহে **সুপ্রভাত বাংলাদেশ - ২০০৭**

সোনার বাংলা রিপোর্টঃ চা-নাস্তা বিক্রি করে ক্যান্সার গবেষণার জন্য অর্থ সংগ্রহের জন্য অনুপ্রাণিত হয়ে সিডনির পশ্চিম অঞ্চলের বিশেষ করে ব্লাকটাউন ও তার আশেপাশে বসবাসকারী কিছু পরিবার গত ২০০১ সাল থেকে প্রতি বছরের মে মাসের শুরুতে আয়োজন করে আসছে একটি মহতী অনুষ্ঠানের। এর নাম ‘সুপ্রভাত বাংলাদেশ’। এর মূল উদ্যোক্তা শিক্ষাবিদ ড. আবদুল হক এবং সাথে আরো আছেন ড. কাইউম পারভেজ, নজরুল ইলামসহ অন্যান্যরা। কেউ দেন পরোটা, কেউ দেন ভাজি, বুটের ডাল, বিভিন্ন ধরনের পিঠা ও রকমারী মিষ্টিসহ আরো অনেককিছু। অনুষ্ঠানে এ সমস্ত খাবার বিক্রি করে সংগীত অর্থ ক্যান্সার কাউন্সিলে দান করা হয়। এই মহতী উদ্যোগ গত কয়েক বছরে সিডনিতে বেশ প্রশংসিত ও জনপ্রিয়তা অর্জন করেছে। এরই ধারাবাহিকতায় গত ০৬ মে, রবিবার ব্লাকটাউন কাউন্সিল ক্যাম্পাসে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নিউ সাউথ ওয়েলস ক্যান্সার কাউন্সিলের আঞ্চলিক পরিচালক গুনজান ত্রিপাঠী, অস্ট্রেলিয়া ক্যান্সার কাউন্সিলের ন্যাশনাল মার্কেটিং কো-অর্ডিনেটর নওশীন রহমান ও ব্লাকটাউন এলাকার ফেডারেল এমপি লুইস মার্কাস সহ বিভিন্ন গন্যমান্য ব্যক্তিবর্গ। প্রাতঃরাশ থেকে সংগৃহীত হয় সর্বমোট ৩,৮৮৫ ডলার। গত বছর থেকে সিডনির অন্যতম বাঙালি অধ্যুষিত ক্যাম্পেলটাউন ডিষ্ট্রিক্ট এর গেলেনফিল্ডে আয়োজিত হচ্ছে ‘সুপ্রভাত বাংলাদেশ’। এ বছর ২৫শে এপ্রিল গেলেনফিল্ডে আয়োজিত প্রাতঃরাশ থেকে সংগৃহীত হয়েছে সর্বমোট ১,৩৬৫ ডলার।

অনুষ্ঠানের মূল উদ্যোক্তা ড. আবদুল হক সিডনিস্থ সকল বাংলাদেশীদের এ মহতি উদ্যোগে সাথে যুক্ত হওয়ার উদাত্ত আহবান জানিয়ে বলেন, এ আয়োজন শুধু দু-একটি এলাকায় সীমাবদ্ধ না রেখে সিডনির বিভিন্ন বাঙালি অধ্যুষিত এলাকায় আয়োজন করা যায়। কেউ উৎসাহী হয়ে এগিয়ে এলেই আমরা পরামর্শ দিয়ে বিভিন্ন ভাবে সাহায্য করতে পারি। আগামীতে ইস্টার্ন সাবার্বেইন ইস্টলেক ও হিলসডেলেও হতে পারে।